

HUMANISM IN INDIAN EDUCATION

(Peer Reviewed)

(Proceedings of the International Seminar)

Chief Editor

Prof. (Dr.) Swagata Das Mohanta

Hon'ble Principal,

Chakdaha College, West Bengal, India

Editor

Dr. Shiladitya Satpathi



Assistant Professor

Department of Sanskrit, Chakdaha College, West Bengal



Chakdaha College

(Affiliated to the University of Kalyani)

Estd: 1972  Govt. Sponsored  Re-accredited by NAAC 'B+'

Chakdaha, Nadia, West Bengal, India

2020

ভারতীয় শিক্ষায় মানবতা

ডঃ অনুপ প্রামাণিক

অধ্যাপক, সংস্কৃতবিভাগ,
শরৎ সেন্টিনারি কলেজ, ধনিয়াখালী, হুগলী।

প্রবন্ধসারে:

সংহতিপূর্ণ বাসস্থান ব্যতিরেকে মনুষ্য জীবন সুখকর হয় না। নানান বিপদ আপদের সমাধান করা একক মানুষের পক্ষে সম্ভব নয়। তাই সকলের সঙ্গে মিলিত হয়ে সমাজবদ্ধভাবে জীবন নির্বাহ করা একান্ত প্রয়োজনীয়। সমাজবদ্ধতায় মনের সংকীর্ণতাই মহাশত্রু- যা সমাজকে ভেঙে চুরমার করে। হিংসার বাতাবরণ সৃষ্টি করে। তাই সমাজবদ্ধতার জন্য চাই উদার মানবতা। যার দ্বারা হিংসামুক্ত পরস্পর মিলন জাগরিত হয়। মনে প্রশ্ন জাগে এই মানবতা জিনিসটি কি? এ বিষয়ে ভারতীয় সাহিত্যের মতামত উত্থাপিত করা হবে।

কৃষ্ণদেব ব্যাসদেব ভাগবত মহাপুরাণে অমূল্য উপদেশ প্রদান করেছেন। সেখানে বলা হয়েছে-

'এতাবজ্ জন্মসাফল্যং দেহিনামিহ দেহেষু।

প্রাণৈরথৈধিয়া বাচা শ্রেয় এবাচরেৎ সদা।।' (ভাগবত মহাপুরাণ -১০/১৪/৫৬)

মহাভারত ও বিষ্ণুপুরাণাদিতে যে উপদেশ লিপিবদ্ধ আছে তা সমাজ জীবনে কতখানি প্রাসঙ্গিক হিংস্রভাবে আলোচিত হবে। কাম-ক্রোধ-লোভ-মদ-মোহ-মাৎসর্য্য পশুর মধ্যে যেমন বিদ্যমান তেমনই মানুষের মধ্যেও বিদ্যমান তথাপি মানুষ অরণ্য জীবন হতে বেরিয়ে এসে সভ্যতার আলোকে জীবনকে উন্নত করেছে কিন্তু পশু চিরকাল দেহসর্বস্ব হয়ে বনেই বসবাস করছে ও করবে। ভারতীয় শিক্ষা মনকে উন্নত করার সফল কারিগর। মনের সংকীর্ণতাই সমস্ত অনর্থের মূল, যদ্বারা সুখশান্তি বিদূরিত হয় মানুষের মন নষ্ট হবার জাগরিত হয়। মনের ঔদার্য্যই সকল সুখের মূল। মনকে উদার করতেই ভারতীয় শিক্ষা চায়।

"সর্বে ভবন্তু সুখিনঃ সর্বে সন্তু নিরাময়াঃ।

সর্বে ভদ্রাণি পশ্যন্তু মা কশ্চিদ্ দুঃখভাগ্ ভবেৎ"।।(গরুড় পুরাণ, উত্তর খন্ড-৪৫)

এই সকল বিষয়গুলি এই সংক্ষিপ্ত প্রবন্ধ পরিসরে সংক্ষিপ্তাকারে তুলে ধরা হয়েছে। মোট কথা সুশিক্ষাই জীবনের গতিপথ পরিবর্তন করে জীবনকে মহত্ত্বে প্রতিষ্ঠিত করে এটাই এই সংক্ষিপ্ত প্রবন্ধের মূল প্রতিপাদ্য।

মূলশব্দ - নীতিশিক্ষা, সংস্কৃতভাষা, সর্বাঙ্গীণ বিকাশ, অর্থবিন্যাস, সচ্চারিত্রাশিক্ষণ।

কৃষ্ণদেব:

হৃদয় কণ্ঠব্যবোধ জাগরিত হয় এইরূপ ব্যাপার বা প্রক্রিয়াকে শিক্ষা বলে। পিতৃদেবো ভব, মাতৃদেবো ভব, আচার্য দেবো ভব, অতিথি দেবো ভব, অর্থাৎ পিতা মাতা আচার্য ও অতিথিকে দেবতা জ্ঞানে পরিচর্যা করা। প্রকৃৎ বাক্য প্রয়োগের দ্বারা বালকের মধ্যে পিতা মাতা প্রভৃতির প্রতি কণ্ঠব্যবোধ জাগরিত হয়। তাই এইরূপ বাক্যপ্রয়োগ বা প্রযুক্ত্যমান বাক্যই শিক্ষা। কিন্তু এই শিক্ষা সুশিক্ষা ও কুশিক্ষা ভেদে দুই প্রকার। সুশিক্ষার দ্বারা মানুষ উন্নতির উচ্চশিখরে পৌঁছে যায় আর কুশিক্ষার দ্বারা যেমন চুরিকরা লোকঠকানো পায় তদ্রূপে ছিনতাই করা ইত্যাদির দ্বারা মানুষ নরকে গমন করে। তার মধ্যে পাশবিক দুষ্টভাব জাগরিত করে তাকে প্রকৃত মানুষ হতে দেয় না। তাই সুশিক্ষাই গ্রহণ করতে হবে। তদ্বারা মনুষ্যত্ব বা মানবতার বিকাশ হবে। ভারতীয় মহনীয় শিক্ষার দ্বারা মানবতা বা মনুষ্যত্বের জাগরণ হয়।

মানবের মধ্যে জাগরিত সন্দ্বূণাবলীই মানবতা। যা মানবসমাজের সম্পৎ স্বরূপ। যাকে বাদ দিলে আকৃতিতেই মানুষ হওয়া যায় কিন্তু প্রকৃত মানুষ হওয়া যায় না। প্রসঙ্গতঃ ভাগবত মহাপুরাণের একটি শ্লোক এখানে উপস্থাপিত করছি। যেখানে বলা হয়েছে -

বৈদিক সাহিত্যে মূল্যবোধ: একটি সমীক্ষা ➤ Evana Najnin	337
ভারতীয় শিক্ষায় মানবতা ➤ Dr. Anup Pramanik	343
প্রাচীনায়নের মর্মবাণী ➤ Amit Kumar Mondal	348
কোভিড -19 ও ভারতীয় প্রচলিত শিক্ষাব্যবস্থা ➤ Dr. Krishna Kundu	353
বৌদ্ধমানবতাবাদ ➤ Krishnapada Ghosh	363
অভিজ্ঞানশকুন্তলম নাটকে তৎকালীন শিক্ষায় প্রতিফলিত মানবতাবাদ ➤ Purbayan Tarafder	368
রবীন্দ্রনাথের শিক্ষা দর্শনে মানবিকতা ➤ Gokul Biswas	376
Humanism in Gandhian Conception of Education ➤ Dr. Radharani P	381
Humanistic Approach in Inclusive Education: A Study on Humane Perspective of Teaching Special Children ➤ G. Sasikala	388
Importance in Gurukul in the Education System in India ➤ Dr. Bhaswati De	396
Humanism in Mahatma Gandhi's Educational Thought: A Study ➤ Dr. Shyamal Chandra Sarkar	402
Humanistic Education in Taittiriyaopanisad ➤ Aryamol Sudharsanan	

ISBN: 978-93-82399-69-8



9 789382 399698